

১১। উদ্ধৃত উপকরণ করের নিষ্পত্তি।— যে ক্ষেত্রে কোন কর মেয়াদে রেয়াতযোগ্য উপকরণ কর প্রদেয় উৎপাদ করের অতিরিক্ত হয়, সে ক্ষেত্রে উক্ত উদ্ধৃত উপকরণ কর নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পরবর্তী কর মেয়াদের চলতি হিসাবে জের টানা হইবে এবং উহা শেষোক্ত কর মেয়াদে উপকরণ কর বলিয়া গণ্য হইবে।